

1 of 3

৩৭তম বিসিএসের লিখিত পরীক্ষা শুরু

নিজস্ব প্রতিবেদক

১২ ফব্রুয়ারি ২০১৭, ১১:০৩



ভিডিও কনফারেন্সে লটারির মাধ্যমে ৩৭তম বিসিএসের লিখিত পরীক্ষার প্রশ্নপত্রের সেট নির্ধারণ করা হয়।

৩৭তম বিসিএসের প্রাথমিক বাছাইয়ের (প্রিলিমিনারি) মতো লিখিত পরীক্ষার প্রশ্নপত্রের সেটও ভিডিও কনফারেন্সে লটারির মাধ্যমে নির্ধারণ করা হয়েছে। আজ রোববার সকাল থেকে এই পরীক্ষা শুরু হয়েছে। চলবে বেলা দুইটা পর্যন্ত।

ঢাকার আটটি এবং ঢাকার বাইরে ছয় বিভাগীয় শহরের ছয়টি কেন্দ্রে এই পরীক্ষা চলছে। এবার ৮ হাজার ৫২২ জন এই পরীক্ষায় অংশ নিচ্ছেন।

সরকারি কর্মকমিশনের (পিএসসি) চেয়ারম্যান মোহাম্মদ সাদিক প্রথম আলোকে বলেন, আগারগাঁও সরকারি কর্মকমিশন সচিবালয়ে লটারির মাধ্যমে বিসিএসের প্রশ্নপত্র ঠিক করা হয়। ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভাগীয় কমিশনার কিংবা জেলা প্রশাসকসহ পরীক্ষার সঙ্গে যুক্ত কর্মকর্তারা এতে যুক্ত ছিলেন। সবার সামনে লটারি হয়। একাধিক সেট থেকে আজকের পরীক্ষার জন্য নয়নতারা সেটটি নির্ধারণ করা হয়।

ভিডিও কনফারেন্সের এই উদ্যোগ কেন—তা জানতে চাইলে মোহামাদ সাদিক বলেন, স্বচ্ছতা বজায় রাখার জন্য এবং পরীক্ষার সঙ্গে যুক্ত ঢাকার বাইরের কর্মকর্তাদের সম্পৃক্ত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

2 of 3 3/2/2017 2:42 PM

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৭ সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভেনিউ, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

ফোন: ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স: ৯১৩০৪৯৬, ইমেইল: info@prothomalo.info

3 of 3 3/2/2017 2:42 PM